# এক্সক্লুসিভ মডেল টেস্ট

SURE SUCCESS

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : | 3 | 0 | 5 |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ইতিহাস দ্বিতীয় পত্র ◐ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ ব্রিটিশ সাম্রাজ্যবাদী শাসকদের মধ্যে লর্ড ডালহৌসি ছিলেন অন্যতম। ভারতে ব্রিটিশ শাসনের ভিত মজবুত করার জন্য তিনি নানা অপকৌশলের আশ্রয় নিয়ে ভারতবাসীর বিরাগভাজন হলেও কিছু ক্ষেত্রে সংস্কার কাজের মাধ্যমে তিনি জননন্দিতও হয়েছিলেন।

ক. কত খ্রিষ্টাব্দে বাস্তিল দুর্গের পতন হয়? ১

খ. গিলোটিন কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত শাসকের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন শাসকের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শাসকের আইন সংস্কার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸



ক. বানালিতে কী? ১

খ. রুশোর 'সামাজিক চুক্তি' (Social Contract) কী? ২

গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে কোন ঘটনাটি গ্রহণযোগ্য বলে তুমি মনে কর? বর্ণনা কর। ৩

ঘ. উক্ত ঘটনার ফলাফল তোমার পাঠ্যবইয়ের আলোকে আলোচনা কর। ৪

৩ ▸ একটি অনুষ্ঠান আয়োজনকে কেন্দ্র করে আড়পাড়া ও জামতৈল গ্রামের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয় এবং তা দ্রুত অন্যান্য গ্রামে ছড়িয়ে পড়ে। এলাকার প্রভাবশালী ব্যক্তিবর্গ বিষয়টি মীমাংসার জন্য বসে একতরফাভাবে আড়পাড়াকে দায়ী করে এবং তার ওপর ক্ষয়ক্ষতির বোঝা চাপিয়ে দেয়। একতরফা এ রায়ের খেসারত একসময় সকল গ্রামকেই দিতে হয়।

ক. সম্মিলিত জাতিপুঞ্জ কত খ্রিষ্টাব্দে গঠিত হয়? ১

খ. 'লিজিয়ন অব অনার' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ঘটনাটি তোমার পাঠ্যপুস্তকের কোন ঘটনার সাথে সংশ্লিষ্ট? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঘটনার প্রভাব ছিল সুদূরপ্রসারী– তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ 'ক' দেশের যুবরাজ অন্য দেশে বেড়াতে গিয়ে সস্ত্রীক আততায়ীর হাতে নিহত হয়। এজন্য 'ক' দেশ পার্শ্ববর্তী 'খ' দেশকে দায়ী করে যুদ্ধ ঘোষণা করে। অন্যান্য রাষ্ট্রগুলো দু শিবিরে বিভক্ত হয়ে পড়ে। উক্ত যুদ্ধ মানবসভ্যতার জন্য ভয়াবহ বিপর্যয় ডেকে আনে।

ক. লীগ অব নেশনস-এর সদর দপ্তর কোথায় স্থাপিত হয়েছিল? ১

খ. লীগ অব নেশনস-এর অঙ্গ সংগঠনগুলোর নাম লেখ। ২

গ. উদ্দীপকে কোন যুদ্ধের ইঙ্গিত দেয়া হয়েছে? উক্ত যুদ্ধের কারণগুলো বর্ণনা কর। ৩

ঘ. 'উক্ত যুদ্ধ মানবসভ্যতার জন্য ভয়াবহ বিপর্যয় ডেকে এনেছিল।' বিশ্লেষণ কর। ৪

৫ ▸ একটি কারখানায় সাম্যবাদী চেতনায় বিশ্বাসী শ্রমিকরা সর্বাত্মক আন্দোলন শুরু করে। মাত্র কয়েক দিনের মাথায় তাদের এ সংগ্রাম সফল হয়। ফলে কারখানায় বিদ্যমান নানা বৈষম্যের অবসান হয় এবং প্রতিষ্ঠিত হয় সাম্যবাদের। এ ঘটনা পার্শ্ববর্তী অন্যান্য কারখানাগুলোকেও প্রভাবিত করে।

ক. প্রথম বিশ্বযুদ্ধের অবসান হয় কখন? ১

খ. প্রথম বিশ্বযুদ্ধের দুটি কারণ সংক্ষেপে লেখ। ২

গ. উদ্দীপকের বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত সাম্যবাদী চেতনা পৃথিবীব্যাপী কী ধরনের প্রভাব ফেলেছিল বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৬ ▸ সুনীল ছাত্রাবস্থায় বিপ্লবী আন্দোলনে সক্রিয় কর্মী ছিলেন। তার ভাই বোনও রাজনৈতিক কারণে বন্দি ছিলেন। তিনি গ্রেপ্তার এড়াতে নির্বাসনে থাকলেও দেশের প্রতিকূল রাজনৈতিক পরিস্থিতিতে দেশে ফিরে অক্টোবর থিসিস ঘোষণা করেন।

ক. জারতন্ত্র কী? ১

খ. রুশ বিপ্লবের আন্তর্জাতিক তাৎপর্য কী? ২

গ. উদ্দীপকে সুনীলের সাথে পাঠ্যবইয়ের কোন নেতার মিল পাওয়া যায়- ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত নেতার অংশগ্রহণকৃত বিপ্লবটি ছিলো কৃষক ও শ্রমিকের জন্য মুক্তি বার্তা।" মতামত দাও। ৪

৭ ▸ এশিয়ার একটি দেশে দুটি শক্তিশালী বোমা হামলা করা হয়। এরই ফলশ্রুতিতে দেশটি যুদ্ধ পরিত্যাগ করে মিত্রপক্ষের নিকট আত্মসমর্পণ করতে বাধ্য হয়। উক্ত যুদ্ধটি ছিল ভয়াবহ।

ক. কোন দেশ আক্রমণের মাধ্যমে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হয়? ১

খ. মার্কিন যুক্তরাষ্ট্র কোন অবস্থার প্রেক্ষিতে দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশ নেয়? ২

গ. উদ্দীপকে বর্ণিত আত্মসমর্পণকারী দেশটির সাথে তোমার পাঠ্যবইয়ের কোন দেশের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বর্ণিত ভয়াবহ যুদ্ধের ফলাফল বিশ্লেষণ কর। ৪

৮ ▸ পৃথিবীর একটি জাতি আর্য জাতি। যারা নিজেদের অন্যদের তুলনায় শ্রেষ্ঠ মনে করে। আর্যদের একজন নেতা বিশ্বব্যাপী এই মতকে প্রাধান্য দিয়ে এক যুগান্তকারী ঘটনার জন্ম দেন। তিনি অনার্যদের আর্যরাষ্ট্রে বসবাস করার অধিকার নেই বলে ঘোষণা দেন।

ক. হিরোশিমা কোথায় অবস্থিত? ১

খ. হলোকাস্ট বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন নেতার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঐ নেতাকে তুমি কি সমর্থন কর? তার পক্ষে-বিপক্ষে তোমার অবস্থান ব্যাখ্যা কর। ৪

৯ ▸ আন্তর্জাতিক শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের অবস্থান গুরুত্বপূর্ণ। একটি আন্তর্জাতিক সংগঠনের মাধ্যমে এই মিশনের কার্যক্রম পরিচালিত হয়।

ক. জাতিসংঘের প্রথম মহাসচিব কে? ১

খ. দ্বিতীয় বিশ্বযুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্রের যোগদানের কারণ কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সংগঠনের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন আন্তর্জাতিক সংগঠনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিশ্বশান্তি ও নিরাপত্তা রক্ষায় উক্ত সংগঠনটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে– তুমি কি একমত? তোমার মতামত দাও। ৪

১০ ▸ পর পর দুটি বিশ্বযুদ্ধের বিভীষিকার পর বিশ্বের শান্তিকামী মানুষ বিশ্বে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৪৫ সালে একটি আন্তর্জাতিক সংগঠন প্রতিষ্ঠা করে। বর্তমানে এটি বিশ্বের সর্ববৃহৎ আন্তর্জাতিক সংগঠন। বিশ্বে শান্তি ও নিরাপত্তা রক্ষায় উক্ত বৃহৎ সংস্থাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

ক. আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর কোথায়? ১

খ. আটলান্টিক চার্টার বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে যে আন্তর্জাতিক সংস্থার কথা বলা হয়েছে-তোমার পাঠ্যবইয়ের আলোকে তার অঙ্গ সংগঠন সম্পর্কে ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শেষ বক্তব্যটি সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

১১ ▸ যমুনা নদীর তীরবর্তী সালেমপুর ও মকসুদপুর দুটি ভিন্ন অঞ্চল। সালেমপুরের মাতব্বর চরের জমিকে ব্যক্তি মালিকানায় রাখতে চান। অথচ মকসুদপুর গ্রামের মাতব্বর চান সমবায় খামারের মাধ্যমে চর শাসন করতে। এরূপ অবস্থায় সালেমপুরের মাতব্বর পার্শ্ববর্তী কয়েকটি অঞ্চল নিয়ে একটি জোট গঠন করে। পাল্টা ব্যবস্থা হিসেবে মকসুদপুরের নেতৃত্বে অনুরূপ জোট গঠন করে। এতে দু'পক্ষের মধ্যে সংঘর্ষের সম্ভাবনা দেখা দেয়। তবে শেষ পর্যন্ত কোনো সংঘর্ষ সংঘটিত হয়নি।

ক. গ্লাসনস্ত নীতির প্রবক্তা কে? ১

খ. বার্লিন অবরোধ কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত অবস্থাটির সাদৃশ্য তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত অবস্থাটি কি বিশ্বকে দুটি মেরুতে বিভক্ত করেছিল? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : | 3 | 0 | 5 |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ইতিহাস দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ বিংশ শতাব্দীতে একজন ইউরোপীয় নেতা বৈষম্যহীন সমাজব্যবস্থায় বিশ্বাসী হয়ে ওঠেন। তিনি বিপ্লবের মাধ্যমে শাসনক্ষমতা গ্রহণ করে দেশের মানুষের মঙ্গলের জন্য রাষ্ট্রীয় কাঠামোতে বিভিন্ন সংস্কার সাধন করেন। তার গৃহীত কর্মকাণ্ডের কারণে পৃথিবীর ইতিহাসে তিনি চিরস্মরণীয় হয়ে থাকবেন।

ক. মুসোলিনী কে ছিলেন? ১

খ. কোন গ্রন্থকে নাৎসি বাইবেল বলা হয়? ২

গ. উদ্দীপকের আলোকে তোমার পাঠ্যবইয়ের বর্ণিত নেতার কর্মকাণ্ড বর্ণনা কর। ৩

ঘ. উক্ত নেতাকে বিংশ শতাব্দীর স্মরণীয় মহাপুরুষ বলা হয় কেন? বিশ্লেষণ কর। ৪

২ ▶ ১৭৪০ খ্রিষ্টাব্দে মহান ফ্রেডারিক প্রুশিয়ার সিংহাসনে আরোহণ করেন। তার নেতৃত্বে প্রুশিয়া আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেন। তার শাসনামল নানা প্রকার সংস্কার দ্বারা পরিপূর্ণ। তিনি বিভিন্ন যুদ্ধে অংশগ্রহণ করেন।

ক. বাস্তিল দুর্গ কী? ১

খ. জারতন্ত্র বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত শাসকের সাথে তোমার পাঠ্যপুস্তকের বর্ণিত ফ্রান্সের কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শাসকের পতনের কারণ বিশ্লেষণ কর। ৪

৩ ▶




উদ্দীপকটি লক্ষ কর এবং নিচের প্রশ্নের উত্তর দাও।

ক. প্রলেতারিয়েত অর্থ কী? ১

খ. বলশেভিক বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রশ্নবোধক স্থানে যে গুরুত্বপূর্ণ বিষয়টি ইঙ্গিত করা হয়েছে– পাঠ্যের আলোকে তার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. এক রাজদম্পতির হত্যাকাণ্ড উক্ত বিষয় উদ্ভবের মূল কারণ। সপক্ষে যুক্তি দাও। ৪

৪ ▶ বিশ্বশান্তি প্রতিষ্ঠার উদ্দেশ্যে বিশ্বে একটি সংগঠনের জন্ম হলেও বৃহৎ দেশসমূহের অসহযোগিতাসহ বিভিন্ন কারণে সংগঠনটি শেষপর্যন্ত অকার্যকর প্রতিষ্ঠানে পরিণত হয়। তথাপি তৎকালীন আন্তর্জাতিক সমস্যার সমাধান ও বিশ্বশান্তি প্রতিষ্ঠায় সংগঠনটির গুরুত্ব ছিল অপরিসীম।

ক. লয়েড জর্জ কে ছিলেন? ১

খ. ত্রিশক্তি আঁতাত কী? ২

গ. 'লীগ অব নেশনস' প্রতিষ্ঠার উদ্দেশ্য বর্ণনা কর। ৩

ঘ. তৎকালীন বিশ্বে বিশ্বশান্তি প্রতিষ্ঠায় উক্ত সংগঠনটির অবদান অনস্বীকার্য পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৫ ▶ আমেরিকার একটি অঞ্চলে ধনী-গরিবের বৈষম্য চরম আকার ধারণ করে। তখন শ্রমিক শ্রেণির নেতৃত্বে এক আন্দোলনের সূত্রপাত হয়। উক্ত আন্দোলনে জয়লাভ করে আন্দোলনকারীরা একজন নেতার প্রচেষ্টায় সেখানে বৈষম্যহীন সমাজব্যবস্থা গড়ে তুলতে সক্ষম হয়। পরবর্তীকালে বিশ্বের অনেক দেশে উক্ত নেতার আদর্শ ছড়িয়ে পড়ে।

ক. ডুমা শব্দের অর্থ কী? ১

খ. এপ্রিল থিসিস কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত সমাজব্যবস্থার পরিবর্তনে উক্ত নেতার ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৬ ▶ মাত্র ১৭ বছরের এক কিশোর। শুনতে পেল বড় ভাইয়ের ফাঁসির খবর। তার চোখ যেন খুলে গেল এই ফাঁসির খবরে। জড়ালেন ছাত্র আন্দোলনে, হলেন নির্বাসিত। নির্বাসিত অবস্থায় তিনি প্রচুর পড়াশোনা করেন, খুঁজে বেড়ান শ্রমিক মুক্তির সঠিক পথ। আত্মগোপনে থাকাবস্থায় 'রাষ্ট্র ও বিপ্লব' নামে বই লিখেন। তাতে উল্লেখ করেন শুধু বিপ্লব দিয়ে নয়, শাসকশ্রেণির নির্মিত রাষ্ট্রতন্ত্রকে ধ্বংস না করে নিপীড়িত শ্রেণির মুক্তির সম্ভব নয়।

ক. আন্তর্জাতিক আদালত কোথায় অবস্থিত? ১

খ. নেপোলিয়নের পতনের ২টি কারণ উল্লেখ কর। ২

গ. উদ্দীপকের বর্ণনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন বিপ্লবী নেতার সাদৃশ্য রয়েছে? তার পরিচয় দাও। ৩

ঘ. উক্ত নেতা শ্রমিক মুক্তি ও রাষ্ট্রযন্ত্র পরিবর্তনে কতটুকু সফল হয়েছিল? মূল্যায়ন কর। ৪

৭ ▶ "জোর যার মুল্লুক তার।"

ক. হিটলারের গোপন পুলিশ বাহিনীর নাম কী? ১

খ. 'ভাইমার' প্রজাতন্ত্র সম্পর্কে সংক্ষেপে লেখ। ২

গ. উদ্দীপকের এই প্রবাদের সাথে ইউরোপের কোন দুইজন রাষ্ট্রনায়কের মিল রয়েছে– ব্যাখ্যা দাও। ৩

ঘ. উক্ত কর্মকাণ্ড কীভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের গতিকে ত্বরান্বিত করেছিল? ৪

৮ ▶ মুকুল একটি যুদ্ধের ইতিহাস সম্পর্কে জানল। উক্ত যুদ্ধে অংশগ্রহণকারী দেশগুলো 'ক' ও 'খ' নামের দুটি ভিন্ন জোট গঠন করে যুদ্ধে অংশ নিয়েছিল। এ যুদ্ধ ছিল মানবসভ্যতার ইতিহাসে সর্বাপেক্ষা ধ্বংসাত্মক যুদ্ধ, যা বিশ্বমানবতার জন্য মহাবিপর্যয় বয়ে এনেছিল।

ক. পার্ল হারবার কী? ১

খ. ফ্যাসিবাদ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত 'ক' এবং 'খ' জোটের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন জোটের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত যুদ্ধ বিশ্বমানবতার জন্য মহাবিপর্যয় বয়ে এনেছিল। পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▶ 'X' ও 'Y' রাষ্ট্র দুটির সীমান্তবর্তী নদীর মোহনায় নতুন একটি দ্বীপ জেগে উঠলে উভয় দেশই এর মালিকানা দাবি করে। দ্বীপটি মালিকানার দ্বন্দ্বে দেশ দুটির মধ্যে যুদ্ধ বাঁধার উপক্রম হয়। তখন 'X' দেশটি শান্তিসংঘের মাধ্যমে এর সমাধান চাওয়ার জন্য প্রস্তুতি গ্রহণ করে।

ক. দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হয় কত সালে? ১

খ. উগ্র জাতীয়তাবাদ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. 'X' দেশটি কোন সংস্থার নিকট সমস্যাটি উপস্থাপন করবে? তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'জাতিসংঘের ওই সংস্থাটির কাজ হলো আন্তর্জাতিক বিরোধের নিষ্পত্তি করা'– বিশ্লেষণ কর। ৪

১০ ▶ বিশ্বে শান্তি প্রতিষ্ঠার জন্য এবং মানবসভ্যতা শুরু থেকে যুদ্ধের ভয়াবহতা থেকে রক্ষার জন্য একটি প্রতিষ্ঠান গড়ে তোলা হয়। নানা সমালোচনা থাকলেও প্রতিষ্ঠানটি যুদ্ধ এড়াতে ভূমিকা রেখে যাচ্ছে।

ক. ইউনেস্কোর সদর দপ্তর কোথায়? ১

খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে জাতিসংঘের ভূমিকা লেখ। ২

গ. উদ্দীপকে কোন প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত প্রতিষ্ঠানটির সাফল্য ও ব্যর্থতাসমূহ আলোচনা কর। ৪

১১ ▶



ছবি: মুখোমুখী পৃথিবীর দুই পরাশক্তি। দুটি সামরিক জোট গঠনের মধ্য দিয়ে যুদ্ধ-পরিস্থিতির সৃষ্টি হয় বিশ্বজুড়ে।

ক. UNESCO এর পূর্ণরূপ লিখ। ১

খ. ন্যাটো সম্পর্কে লেখ। ২

গ. দুটি পারস্পরিক জোট গঠনের মধ্য দিয়ে যুদ্ধ পরিস্থিতির সৃষ্টি হয়' উক্ত পরিস্থিতির উদ্ভব ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত পরিস্থিতি বর্তমানেও চলমান হয়েছে?- বিশ্লেষণ কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : | 3 | 0 | 5 |

## ইতিহাস দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট | পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. আঠারো শতাব্দীতে ফ্রান্সে সব ক্ষমতার উৎস ছিল—**

ক রাজা　খ চার্চ
গ ব্যবসায়ী　ঘ পুরোহিত

**২. বুর্জোয়াগণ কোন শ্রেণির অন্তর্ভুক্ত?**

ক প্রথম　খ দ্বিতীয়
গ তৃতীয়　ঘ চতুর্থ

**৩. 'Oedipe' গ্রন্থটি কার লেখা?**

ক রুশো　খ মন্টেস্কু
গ ভ্যালক　ঘ ভলতেয়ার

**উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**

মি. 'X' তার দেশের বিপ্লবের প্রধান নেতৃত্বদানকারী। তিনি তার লেখনীর মাধ্যমে মানুষের মধ্যে বিপ্লবের মূলমন্ত্র জাগ্রত করেন।

**৪. উদ্দীপকের মি. 'X'-এর সাথে ফরাসি বিপ্লবের কোন মনীষীর মিল রয়েছে?**

ক মন্টেস্কু　খ রোবসপিয়ার
গ টমাস ম্যুর　ঘ রবার্ট ওয়েন

**৫. উল্লিখিত মনীষীর কার্যক্রম—**

ক স্বৈরতন্ত্রকে সমর্থন করে
খ রাজতন্ত্রকে উৎসাহিত করে
গ মানুষের বাকস্বাধীনতা নিশ্চিত করে
ঘ শোষককে সহায়তা করে

**৬. জার্মানির প্রাচীন রাজাদের উপাধি কী ছিল?**

ক জার　খ রাজা
গ কাইজার　ঘ নবাব

**৭. 'ব্ল্যাক হ্যান্ড' কোন দেশ হতে পরিচালিত হতো?**

ক বসনিয়া　খ জার্মানি
গ ইতালি　ঘ সার্বিয়া

**৮. অস্ট্রিয়া সরকারের দেওয়া চরমপত্রের বিষয় হলো—**

i. হত্যাকাণ্ডের নিন্দা ঘোষণা প্রকাশ
ii. তদন্তে সরকারি কর্মচারীদের সাহায্য
iii. অস্ট্রিয়া বিরোধী না হওয়া

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**৯. রাশিয়া প্রথম বিশ্বযুদ্ধ ত্যাগ করে কত সালে?**

ক ১৯১৫　খ ১৯১৬
গ ১৯১৭　ঘ ১৯১৮

**১০. প্রথম বিশ্বযুদ্ধ কত বছর স্থায়ী হয়?**

ক ২　খ ৩　গ ৪　ঘ ৫

**১১. বিপ্লবের পূর্বে রাশিয়ায় কত শতাংশ লোক কৃষিজীবী ছিল?**

ক ৫০　খ ৬০
গ ৭০　ঘ ৯০

**১২. ১৯১৭ সালে রাশিয়ায় অরাজকতা দেখা দেয়—**

i. খাদ্য সংকটের জন্য
ii. জার্মানি দ্বারা অঞ্চল দখল
iii. ভোগ্যপণ্যের অভাবে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**১৩. 'সূর্যের শহর' গ্রন্থটি কে রচনা করেছেন?**

ক রুশো　খ টমাজেজা ক্যাম্পানেল্লা
গ সালমান রুশদি　ঘ গ্রাবিয়েল দ্য ম্যারি

**১৪. 'লেনিনগ্রাদ' কোথায় অবস্থিত?**

ক রাশিয়া　খ জাপান
গ ফ্রান্স　ঘ ইংল্যান্ড

**১৫. রাশিয়ার সংবিধানে কত সালে রাশিয়াকে সোভিয়েত প্রজাতন্ত্র ঘোষণা করা হয়?**

ক ১৯২০　খ ১৯২১
গ ১৯২২　ঘ ১৯২৪

**১৬. এডলফ হিটলারের উপাধি ছিল কোনটি?**

ক ডেজার্ট ফক্স　খ গ্রেউলফ
গ আংকেল হো　ঘ ফুয়েরার

**উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**

ইউরোপের একটি দেশের রাষ্ট্রনায়ক যিনি উগ্র মেজাজ, প্রতিশোধ স্পৃহা, একনায়কতান্ত্রিক আচরণ, আর উগ্র জাতীয়তাবাদী আদর্শ দ্বারা পৃথিবীকে একটি ভয়ংকর যুদ্ধের দিকে ঠেলে দেয়। ফলে তার নিজ দেশ চরম দুর্দশায় পতিত হয়েছিল।

**১৭. উদ্দীপকে উল্লিখিত রাষ্ট্রনায়কের কর্মকাণ্ডের সাথে কোন ব্যক্তির সাদৃশ্য রয়েছে?**

ক লেনিন　খ মুসোলিনী
গ হিটলার　ঘ বিসমার্ক

**১৮. উক্ত ব্যক্তিটিকে দায়ী করা যায়—**

i. নাৎসিবাদের প্রবর্তক
ii. দ্বিতীয় বিশ্বযুদ্ধের মূল হোতা
iii. ফ্যাসিবাদের প্রবর্তক

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**১৯. হিটলার ও মুসোলিনী কত সালে অক্ষশক্তি চুক্তি স্বাক্ষর করেন?**

ক ১৯২৫ সালে　খ ১৯৩০ সালে
গ ১৯৩৪ সালে　ঘ ১৯৩৬ সালে

**২০. কোন দেশের আত্মসমর্পণের মধ্য দিয়ে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি ঘটে?**

ক জাপান　খ জার্মানি
গ ইটালি　ঘ অস্ট্রিয়া

**২১. জাতিসংঘ প্রতিষ্ঠায় নিচের কোন ব্যক্তির অবদান সবচেয়ে বেশি?**

ক রুজভেল্ট　খ স্ট্যালিন
গ উড্রো উইলসন　ঘ ট্রুম্যান

**২২. 'Veto' কোন ভাষার শব্দ?**

ক জার্মান　খ ফরাসি
গ গ্রিক　ঘ ল্যাটিন

**২৩. ভারত ও পাকিস্তানের মধ্যে দ্বন্দ্ব শুরু হয় কোন অঞ্চল নিয়ে?**

ক বেলুচিস্তান　খ কান্দাহার
গ কাশ্মীর　ঘ উত্তর প্রদেশ

**২৪. জাতিসংঘের কোন সংস্থা শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি নিয়ে কাজ করে?**

ক UNICEF　খ UNESCO
গ WHO　ঘ ILO

**২৫. গণতান্ত্রিক রাষ্ট্র সম্পর্কে জাতিসংঘের লক্ষ্য হচ্ছে—**

i. স্বাধীনতা অর্জন
ii. স্বৈরতান্ত্রিক শাসন প্রতিষ্ঠা
iii. অর্থনৈতিক উন্নয়ন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

**২৬. Cold War শব্দের বাংলা কী?**

ক গৃহযুদ্ধ　খ স্নায়ুযুদ্ধ
গ হিম লড়াই　ঘ ঠাণ্ডা আবহাওয়া

**২৭. ১৯৪৭ সালে আমেরিকার প্রেসিডেন্ট কে ছিলেন?**

ক ওয়াশিংটন　খ উইলসন
গ রুজভেল্ট　ঘ ট্রুম্যান

**২৮. NATO জোট গঠিত হওয়ার সময় সদস্যসংখ্যা কত ছিল?**

ক ৮　খ ১২
গ ১৬　ঘ ২২

**উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**




**২৯. '?' চিহ্নিত স্থানে কী বসবে?**

ক সিয়াটো　খ আনজুস
গ ওয়ারশ　ঘ স্যাপটা

**৩০. ন্যাটো জোট কোন দেশের নেতৃত্বে গঠিত হয়?**

SURE SUCCESS

ⓚ মার্কিন যুক্তরাষ্ট্র ⓚ কানাডা ⓖ ব্রিটেন ⓖ ফ্রান্স

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 3 0 5

সময়–৩০ মিনিট

## ইতিহাস দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'আয়কর' কোন ধরনের করের আওতাভুক্ত?**
ⓚ পরোক্ষ ⓚ প্রত্যক্ষ
ⓖ আমদানি ⓖ রপ্তানি

**২. 'খাজনা চাষি' বলতে কোনটি বোঝায়?**
ⓚ টাকার লোভে জমি চাষ
ⓚ বর্গা নিয়ে জমি চাষ
ⓖ খাজনা দিয়ে জমি চাষ
ⓖ মজুরির বিনিময়ে জমি চাষ

**৩. ফরাসি বিপ্লব কত সালে সংঘটিত হয়?**
ⓚ ১৭৪০ সালে ⓚ ১৭৮০ সালে
ⓖ ১৭৮৯ সালে ⓖ ১৯১৭ সালে

**৪. কত সালে ফ্রান্সে নিয়মতান্ত্রিক রাজতন্ত্রের অবসান ঘটে?**
ⓚ ১৭৯১ ⓚ ১৭৯২
ⓖ ১৭৯৩ ⓖ ১৭৯৪

**৫. নেপোলিয়ন ফরাসি বিপ্লবকে রক্ষা করেন যেভাবে তা হলো–**
i. সাম্যের মাধ্যমে
ii. একনায়কতন্ত্রের মাধ্যমে
iii. সামন্ত সমাজকে ভেঙে দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৬. শ্যামদেশ কোন দেশের পূর্বনাম?**
ⓚ মিয়ানমার ⓚ থাইল্যান্ড
ⓖ নিউজিল্যান্ড ⓖ অস্ট্রেলিয়া

n **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
উদয়কাঠী গ্রামের মজনু ও লাইলী পার্শ্ববর্তী তেতলা গ্রামে বেড়াতে গেলে দুষ্কৃতিকারীরা দুই জনকেই হত্যা করে। এ নিয়ে দুই গ্রামের বাসিন্দাদের মধ্যে তুমুল লড়াই শুরু হয়। এ হত্যাকাণ্ডকে 'উলপুরের হত্যাকাণ্ড' বলা হয়।

**৭. তেতলা গ্রামের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন স্থানের মিল রয়েছে?**
ⓚ বসনিয়া ⓚ ইংল্যান্ড
ⓖ বুলগেরিয়া ⓖ অস্ট্রিয়া

**৮. উক্ত ঘটনার ফলে হয়–**
i. প্রথম বিশ্বযুদ্ধ
ii. দ্বিতীয় বিশ্বযুদ্ধ
iii. ভার্সাই সন্ধি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**৯. গ্যালিপলি কিসের নাম?**
ⓚ পর্বত ⓚ বন্দর
ⓖ উপত্যকা ⓖ শহর

**১০. ভার্সাই নগরী কোথায় অবস্থিত?**
ⓚ ফ্রান্সে ⓚ জার্মানিতে
ⓖ ব্রিটেনে ⓖ ইতালিতে

**১১. প্রকৃতপক্ষে 'ইউটোপিয়া' কিসের নাম?**
ⓚ সাগর ⓚ জঙ্গল
ⓖ উপত্যকা ⓖ দ্বীপ

**১২. এপ্রিল থিসিসের মাধ্যমে রুশ বিপ্লবের দিক নির্দেশনা দেন কে?**
ⓚ কার্ল মার্কস ⓚ বাকুনিন
ⓖ লেনিন ⓖ প্রুধো

**১৩. রাশিয়ায় নতুন অর্থনৈতিক নীতির মূল বিষয় হলো–**
i. শস্যের বিনিময়ে কর আদায়
ii. শ্রমিকের সুযোগ-সুবিধা বৃদ্ধি
iii. সরকারি বিক্রয়কেন্দ্র স্থাপন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৪. বলশেভিক বিপ্লবে পর বিশ্বে জনপ্রিয় হয়–**
ⓚ রাজতন্ত্র ⓚ গণতন্ত্র
ⓖ সমাজতন্ত্র ⓖ একনায়কতন্ত্র

**১৫. বলশেভিক বিপ্লবের নায়ক কে ছিলেন?**
ⓚ কার্ল মার্কস
ⓚ মুসোলিনি
ⓖ ভ্লাদিমির ইলিচ লেনিন
ⓖ ফিদেল ক্যাস্ট্রো

**১৬. 'মিউনিখ' বলতে কী বোঝায়?**
ⓚ জার্মানির শহর ⓚ জার্মানির গ্রাম
ⓖ বিমান ঘাঁটি ⓖ সমুদ্রবন্দর

**১৭. 'Fascio' শব্দের অর্থ কী?**
ⓚ শক্তি ⓚ অস্ত্র
ⓖ বন্ধু ⓖ শিক্ষা

n **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
আন্তর্জাতিক রাজনীতি ও সম্পর্ক বিশেষজ্ঞদের আশঙ্কা পৃথিবী আবার একটি মহাসমরের দ্বারপ্রান্তে এবং তা হবে বিংশ শতাব্দীর মধ্যভাগে সংঘটিত মহাসমরের চেয়ে প্রলয়ংকারী ও গণবিধ্বংসী।

**১৮. উদ্দীপকে ইঙ্গিতপূর্ণ মহাসমর কোনটি?**
ⓚ প্রথম বিশ্বযুদ্ধ ⓚ স্কটল্যান্ডের যুদ্ধ
ⓖ দ্বিতীয় বিশ্বযুদ্ধ ⓖ স্নায়ুযুদ্ধ

**১৯. উক্ত মহাসমরে মিত্রশক্তি জোটের ক্ষেত্রে প্রযোজ্য–**
i. অক্ষশক্তির বিপরীত জোট
ii. জার্মানি, জাপান ও ইতালির সমন্বয়ে গঠিত জোট
iii. ব্রিটেন, ফ্রান্স, রাশিয়া ও যুক্তরাষ্ট্রের সমন্বয়ে গঠিত জোট
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২০. দ্বিতীয় বিশ্বযুদ্ধে হিটলার ব্যাংকারে আশ্রয় নেন কেন?**
ⓚ বার্লিন রক্ষার জন্য
ⓚ বাঁচার জন্য
ⓖ নাৎসি টিকিয়ে রাখার জন্য
ⓖ কৌশলে আক্রমণের জন্য

**২১. জাতিসংঘের প্রস্তাবক কে?**
ⓚ চার্চিল ⓚ উথান্ট
ⓖ রুজভেল্ট ⓖ স্টালিন

**২২. জাতিসংঘের ঘোষণাপত্রে যা ছিল–**
i. মানুষের স্বাধীনতার প্রতি শ্রদ্ধাশীল হওয়া
ii. মানুষের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হওয়া
iii. আন্তর্জাতিক সকল চুক্তি মেনে চলা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২৩. নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যরাষ্ট্রের সংখ্যা কত?**
ⓚ ৫টি ⓚ ৬টি
ⓖ ৭টি ⓖ ৮টি

**২৪. বর্তমানে জতিসংঘের সদস্যরাষ্ট্র কতটি?**
ⓚ ১৭৫ ⓚ ১৮৪
ⓖ ১৯৩ ⓖ ২০০

**২৫. সোমালিয়া কোন মহাদেশে অবস্থিত?**
ⓚ আফ্রিকা ⓚ এশিয়া
ⓖ ইউরোপ ⓖ আমেরিকা

**২৬. বর্তমানের আন্তর্জাতিক রাজনীতিকে 'বাইপোলার রাজনীতি' বলেছেন কে?**
ⓚ ট্রুম্যান ⓚ টয়েনবি
ⓖ ক্রুশ্চেভ ⓖ জন কেরী

**২৭. কত খ্রিষ্টাব্দে 'NATO' গঠিত হয়?**
ⓚ ১৯৪৫ ⓚ ১৯৪৯
ⓖ ১৯৫২ ⓖ ১৯৫৫

**২৮. 'সুষ্ঠু বাজার নীতিই সাভারের বাজার ব্যবস্থাকে উন্নত করেছে'– এ বাক্যে নিচের কোনটির অর্থের প্রয়োগ ঘটেছে?**
ⓚ WHO ⓚ WTO
ⓖ ILO ⓖ WMO

n **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
মনোহরপুর গ্রামে একটি সমিতি গঠন করা হয়। যার মূলমন্ত্র ঘরে ঘরে শিক্ষার আলো পৌঁছে দেওয়া। কিন্তু সমিতির কর্মকাণ্ডের সাথে এ নীতির কোনো মিল ছিল না। নেতৃবৃন্দ ব্যক্তিগত স্বার্থের কারণে আদর্শ বিসর্জন দিয়ে জাঁকজমকপূর্ণ জীবনযাপন করত। ফলে কিছুদিনের মধ্যেই সমিতিতে ভাঙন শুরু হয়।

**২৯. উদ্দীপকে উল্লিখিত আদর্শের সাথে কোন আদর্শের মিল খুঁজে পাওয়া যায়?**
ⓚ গণতন্ত্র ⓚ রাজতন্ত্র
ⓖ সমাজতন্ত্র ⓖ ধনতন্ত্র

**৩০. স্নায়ুযুদ্ধের অন্যতম কারণ–**
i. পুঁজিবাদ সম্পর্কে সোভিয়েত ধারণা

ii. নেতাদের একরোখা মনোভাব
iii. সমাজতন্ত্র সম্পর্কে মার্কিন আতঙ্ক

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

SURE SUCCESS